

২০২৫-২০২৬ অর্থ বছরে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের শিক্ষাবৃত্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণের বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ অর্থ বছরে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদানের লক্ষ্যে দেশের বিভিন্ন কলেজ/ইনস্টিটিউট/বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান যথাক্রমে উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান পর্যায়ে অধ্যয়নরত রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলায় স্থায়ীভাবে বসবাসরত বিভিন্ন সম্প্রদায়ের মেধাবী ছাত্র-ছাত্রীদের নিকট হতে অনলাইনে শিক্ষাবৃত্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। বোর্ডের ওয়েবসাইট [www.chtdb.gov.bd](http://www.chtdb.gov.bd) এর হোম পেজে "অনলাইন সেবাসমূহ" মেনু থেকে "শিক্ষাবৃত্তির আবেদন" অংশে প্রদত্ত আবেদন ফরমটি নিম্নোক্ত শর্ত ও নির্দেশনা মোতাবেক যথাযথভাবে পূরণপূর্বক বর্ণিত সনদসমূহের মূলকপি হতে রজিন স্ক্যান করে নির্ধারিত সাইজে আপলোড করে আবেদন করতে হবে:

**ক) শর্তসমূহ:**


১. সেপ্টেম্বর ২০২৪ খ্রি. এর পূর্বের প্রকাশিত ফলাফল দ্বারা বৃত্তির জন্য আবেদন করা যাবে না। অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।
২. আবেদনকারীর আবশ্যিকভাবে নিজ নামে অথবা পিতা/মাতার ব্যাংক হিসাব থাকতে হবে;
৩. আবেদনের জন্য ন্যূনতম জিপিএ ৫.০০ স্কেলে জিপিএ ৩.২০ এবং জিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ২.৭৫ থাকতে হবে;
৪. আবেদনকারীর অভিভাবকের হালনাগাদ বার্ষিক আয়ের (০১ জানুয়ারি, ২০২৬ খ্রি. এর পূর্বের ইস্যুকৃত প্রত্যয়ন গ্রহণযোগ্য নয়) প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে;
৫. বিভাগীয় প্রধান/প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত হালনাগাদ (০১ মার্চ, ২০২৬ খ্রি. এর পূর্বের ইস্যুকৃত প্রত্যয়ন গ্রহণযোগ্য নয়) প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে;
৬. ২০২৪-২০২৫ অর্থ বছরে শিক্ষাবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীরা একই/এই ফলাফল দিয়ে চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য আবেদন করতে পারবেন না। নতুন/ হালনাগাদ ফলাফল দিয়ে আবেদন করতে হবে (একই ফলাফল দিয়ে আবেদন করলে আবেদন বাতিল হবে);
৭. অসম্পূর্ণ আবেদন, দাপ্তরিক কাজে ব্যবহার উপযোগী ছবি (সাদা/নীল ব্যাকগ্রাউন্ডসহ), প্রয়োজনীয় সনদসমূহ যথাযথভাবে সংযুক্ত না থাকলে আবেদন বাতিল হবে;
৮. ভুল/অসম্পূর্ণ তথ্য ও সৃজিত সনদপত্রের মাধ্যমে আবেদন পাওয়া গেলে দাখিলকৃত সনদপত্রসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক সত্যতা যাচাইয়ের জন্য প্রেরণ করা হবে। সনদপত্রে কোনো প্রকার অসামঞ্জস্য পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট আবেদনকারীর আবেদন বাতিলসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
৯. অনলাইন ফরমে ইনপুটকৃত ফলাফলের সাথে সংযুক্ত ফলাফলের মিল না থাকলে আবেদন বাতিল হবে এবং বৃত্তি গ্রহণের সময়ে আবশ্যিকভাবে মূল মার্কশীট/সনদ প্রদর্শন করতে হবে।

**খ) সংযুক্তিসমূহ:**

১. শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত থাকার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক অফিসিয়াল প্যাডে প্রদত্ত প্রত্যয়নপত্রের রজিন স্ক্যান কপি (প্রত্যয়নকারীর মোবাইল/টেলিফোন এবং ইমেইল আবশ্যিকভাবে উল্লেখ থাকতে হবে) সংযুক্ত করে আবেদন করতে হবে; (এক্ষেত্রে ভর্তির রসিদ ও পরিচয়পত্র দিয়ে আবেদন করা যাবে না)
২. স্ব-স্ব জেলার জেলা প্রশাসক/সার্কেল চিফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদ;
৩. উপজেলা চেয়ারম্যান/পৌর মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত পিতা/আইনানুগ অভিভাবকের বাৎসরিক আয়ের সনদ আবশ্যিকভাবে উল্লেখ থাকতে হবে (পিতা/আইনানুগ অভিভাবক চাকুরিজীবী হলে চাকুরিরত প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ);
৪. কোটার (যদি থাকে) স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র (এতিম ও প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে জেলা/উপজেলা সমাজসেবা কার্যালয়ের প্রধান কর্তৃক প্রদত্ত সনদপত্র/ বোর্ডের রাজস্ব খাতে কর্মরত কর্মকর্তা বা কর্মচারী পোষ্যদের ক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সনদপত্র);
৫. দাপ্তরিক কাজে ব্যবহারযোগ্য আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রজিন ছবি (৩০০x৩০০ পিক্সেল), স্বাক্ষর (৩০০x৮০ পিক্সেল) এবং অন্যান্য সনদসমূহ (১০০০x৭৫০ পিক্সেল) (JPEG) ফরম্যাটে সংযুক্ত করতে হবে; স্ক্যান ব্যতীত অন্যভাবে ধারণকৃত, (যেমন- মোবাইলে) ছবি তুলে সংযুক্ত করা সনদপত্র গ্রহণযোগ্য হবে না।

গ) বিশেষ নির্দেশনা: বর্ণিত শর্তসমূহ সময় নিয়ে খৈর্যসহকারে মনযোগ দিয়ে পড়ে ভালোভাবে বুঝে আবেদন করার যোগ্য হলে বর্ণিত সংযুক্তিসমূহ স্ক্যান করে আবেদন করার পরামর্শ দেয়া হলো। কোনক্রমে আবেদন ভুল হলে কিংবা একাধিক বার আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

আবেদনের সময়সীমা: ২০ এপ্রিল ২০২৬ খ্রি. হতে ১৯ মে ২০২৬ খ্রি: রাত ১২.০০ টা পর্যন্ত (শুধুমাত্র অনলাইনে)।



সুমন বড়ুয়া  
(যুগ্মসচিব)

সদস্য-পরিকল্পনা (প্রতিকল্প)

ফোন: ০২৩৩৩০৭৩২২৯

ইমেইল: [mp@chtdb.gov.bd](mailto:mp@chtdb.gov.bd)